

📖 সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১৬১৬

৩/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ১৯. কি পরিমাণ সদাকাতুল ফিতর দিতে হবে তার বর্ণনা।

باب كَمْ يُؤَدَّى فِي صَدَقَةِ الْفِطْرِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مَسْلَمَةَ، حَدَّثَنَا دَاوُدُ، - يَعْنِي ابْنَ قَيْسٍ - عَنْ عِيَّاضِ بْنِ عَبْدِ اللَّهِ، عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ، قَالَ كُنَّا نُخْرِجُ إِذْ كَانَ فِينَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ زَكَاةَ الْفِطْرِ عَنْ كُلِّ صَغِيرٍ وَكَبِيرٍ حُرٍّ أَوْ مَمْلُوكٍ صَاعًا مِنْ طَعَامٍ أَوْ صَاعًا مِنْ أَقِطٍ أَوْ صَاعًا مِنْ شَعِيرٍ أَوْ صَاعًا مِنْ تَمْرٍ أَوْ صَاعًا مِنْ زَبِيبٍ فَلَمْ نَزَلْ نُخْرِجُهُ حَتَّى قَدِمَ مُعَاوِيَةُ حَاجًّا أَوْ مُعْتَمِرًا فَكَلَّمَ النَّاسَ عَلَى الْمَنْبَرِ فَكَانَ فِيمَا كَلَّمَ بِهِ النَّاسَ أَنْ قَالَ إِنِّي أَرَى أَنَّ مُدَيْنٍ مِنْ سَمَرَاءِ الشَّامِ تَعْدِلُ صَاعًا مِنْ تَمْرٍ فَأَخَذَ النَّاسُ بِذَلِكَ . فَقَالَ أَبُو سَعِيدٍ فَأَمَّا أَنَا فَلَا أَزَالُ أَخْرِجُهُ أَبَدًا مَا عِشْتُ . قَالَ أَبُو دَاوُدَ رَوَاهُ ابْنُ عُلْيَةَ وَعَبْدَةُ وَغَيْرُهُمَا عَنْ ابْنِ إِسْحَاقَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُثْمَانَ بْنِ حَكِيمٍ بْنِ حِزَامٍ عَنْ عِيَّاضٍ عَنْ أَبِي سَعِيدٍ بِمَعْنَاهُ وَذَكَرَ رَجُلٌ وَاحِدٌ فِيهِ عَنْ ابْنِ عُلْيَةَ أَوْ صَاعَ حِنْطَةٍ . وَلَيْسَ بِمَحْفُوظٍ .

বাংলা

১৬১৬. আব্দুল্লাহ ইবন মাসলামা (রহঃ) আবু সাঈদ আল-খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম আমাদের মাঝে (জীবিত) ছিলেন, তখন আমরা সদকায়ে ফিতর আদায় করতাম, প্রত্যেক ছোট, বড়, স্বাধীন ও ক্রীতদাসের পক্ষ থেকে এক সা' পরিমাণ খাদ্য (খাদ্যশস্য) বা এক সা' পরিমাণ পনির বা এক সা' বার্লি বা এক সা খোরমা অথবা এক সা' পরিমাণ কিস্মিস্। আমরা এই হিসাবে সদকায়ে ফিতর দিয়ে যাচ্ছিলাম এবং অবশেষে মুআবিয়া (রাঃ) হজ্জ অথবা উমরার উদ্দেশ্যে আগমন করেন। অতঃপর তিনি মিসরে আরোহণ পূর্বক ভাষণ দেন এবং লোকদের উদ্দেশ্যে বলেন, সিরিয়া থেকে আগত দুই 'মুদ্দ'* গম এক সা' খেজুরের সম পরিমাণ। তখন লোকেরা তাই গ্রহণ করেন। কিন্তু আবু সাঈদ আল-খুদরী (রাঃ) বলেন, আমি যত দিন জীবিত আছি, সদকায়ে ফিতর এক সা' হিসাবেই প্রদান করতে থাকব। (বুখারী, মুসলিম,

তিরমিযী, ইব্ন মাজা, নাসাঈ)।

ইমাম আবু দাউদ বলেন, ইব্ন উলাইয়া ও আবদা প্রমুখ রাবীগণ নিজ নিজ সূত্রে আবু সাঈদ (রাঃ) থেকে উপরোক্ত হাদীসের অর্থের অনুরূপ হাদীস বর্ণনা করেছেন। তবে উপরোক্ত রাবীগণের মধ্যে একজন – ইব্নে উলাইয়া হতে حِنْطَةٌ أُصْ (অথবা এক সা' গম) বর্ণনা করেছেন। কিন্তু তা সুরক্ষিত নয়।

English

Abu sa'id al-khudri said :

When the Messenger of Allah(May peace be upon him) lived among us, we use to bring forth zakat, on closing the fast of Ramadan one sa' of grain or of cheese, or of barley, or of dried dates, or of raisens, payable by every young and old freeman and slave. We continued to pay this till mu-awayah came to perform Haj or Umra and he spoke to the people on the pulpit. What he said to the people was : I think that Mudds of the wheat of syrria is equivalent to one sa' of dried dates. So the people adopted it. Abu sa'id said : But I continued to pay one sa' of wheat as long as I lived on.

Abu Dawud said : this tradition has also been transmitted by Abu sa'id through a different chain of narrators to the same effect. A man has narrated in this version from Ibn-Ulayyah one sa' of wheat. But this version is not guarded.

ফুটনোট

* দুই 'মুদ' হলঃ এক সা' -এর অর্ধেক; অর্থাৎ একসের সাড়ে তের ছটাক।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু সাঈদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=33699>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন